বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২(শৃঙ্খলা)

গোপনীয়

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৭৯৩(শৃঙ্খলা)/(২২-২৩)/২০২৩-২০২৪/২১৮

তারিখঃ ১৯.০৭.২০২৩ খ্রি.

## কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ শরিফুল ইসলাম সরদার (এস-৩৭৮৫), সহকারী মহাব্যবস্থাপক (সাময়িকভাবে বরখাস্তকৃত), বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ চাকরির আবেদনে শিক্ষাগত যোগ্যতার অসত্য তথ্য উপস্থাপন এবং কর্তৃপক্ষের আদেশ অমান্য করায় সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর অধীন শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ এর (ক), (খ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও প্রতারণামূলক অপরাধের জন্য ১৫/২২-২৩ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করিয়া এই বিভাগের ১৯-১০-২০২২ খ্রি. তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৭৯৩(শৃঙ্খলা)/২০২২-২০২৩/১৪০৫ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব মোঃ শরিফুল ইসলাম সরদার আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক আপনাকে চাকরি হইতে বরখাস্ত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হইতে বরখাস্ত করা হইবে না-এই মর্মে ২৮-০৩-২০২৩ খ্রি. তারিখের এই বিভাগের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৭৯৩(শৃঙ্খলা)/২০২২-২০২৩/৩৫৬৫ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণামূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারি করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ শরিফুল ইসলাম সরদার এই বিভাগের ২৮-০৩-২০২৩ খ্রি. তারিখের উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক তথ্যাদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ শরিফুল ইসলাম সরদার আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও প্রতারণামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরুদণ্ড তথা চাকরি হইতে বরখাস্ত করিবার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক আপনি জনাব মোঃ শরিফুল ইসলাম সরদার আপনাকে চাকরি হইতে বরখাস্তের আদেশ দিলেন ।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

| জনাব মোঃ শরিফুল ইসলাম সরদার | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
|---|---|---|
| ভঃতঃসূঃ- এস-৩৭৮৫) | ০১/০৮/এ (২য় ও ৩য় তলা) | গ্রামঃ বরুনা |
| সহকারী মহাব্যবস্থাপক | মিরবাগ, মগবাজার | পোঃ বরুনা বাজার |
| (বরখাস্তকৃত) | পোঃ শান্তিনগর | উপজেলাঃ ডুমুরিয়া |
| বাংলাদেশ কৃষি ব্যাংক | থানাঃ রমনা | জেলাঃ খুলনা |
| বিভাগীয় নিরীক্ষা কার্যালয় | জেলাঃ ঢাকা-১২১৭ | |
| ময়মনসিংহ । | | |

(মোহাঃ আতিকুর রহমান)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৭৯৩(শৃঙ্খলা)/(২২-২৩)/২০২৩-২০২৪/২১৮ (৭)

তারিখঃ ১৯.০৭.২০২৩ খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
০৫। উপমহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
০৬। উপমহাব্যবস্থাপক, কেন্দ্রিয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ। এতৎসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ শরিফুল ইসলাম সরদার এর নিকট প্রাপ্তিস্বীকার রসিদ মারফত হস্তান্তর করতঃ রসিদটি এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
০৯। নথি/মহানথি/মূলনথি।

১৯-০৭-২৩
(মুহাম্মদ কামরুল হাসান)
সহকারী মহাব্যবস্থাপক